দৈনিক বাংলা

39

তারিখ ...2 APR 1987... ...
পৃষ্ঠা... .. ...1... কলাম...2... ...

# চলতি মাসেই জাতীয় শিক্ষা কমিটিঃ মাহবুব

(স্টাফ রিপোর্টার)

শিক্ষামন্ত্রী জনাব মাহবুবুর রহমান বলেছেন, চলতি মাসেই পূর্বঘোষিত জাতীয় শিক্ষা কমিটি গঠন করা হবে। এ কমিটি শিক্ষা ব্যবস্থাকে গণমুখী ও বাস্তবভিত্তিক করার লক্ষ্যে নির্দিষ্ট সময় সীমার মধ্যে সুপারিশমালা তৈরি করবে বলে তিনি জানান।

মন্ত্রী বুধবার শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত জাতীয় শিক্ষা সপ্তাহের সমাপনী অনুষ্ঠানে বক্তৃতা করেন। এতে আরও বক্তৃতা করেন শিক্ষা উপমন্ত্রী জনাব গোলাম সারোয়ার মিলন। শিল্পকলা একাডেমী মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে শিক্ষা সপ্তাহের পুরস্কার বিতরণ করা হয়।

জনাব মাহবুবুর রহমান শিক্ষার মান উন্নয়নের জন্যে গৃহীত প্রচেষ্টার কথা উল্লেখ করে বলেন, এ

শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ



হলিক্রস কলেজের অধ্যক্ষার হাতে ট্রফি তুলে দিচ্ছেন শিক্ষামন্ত্রী জনাব মাহবুবুর রহমান। জাতীয় শিক্ষা সপ্তাহের পুরস্কার বিতরণী অনুষ্ঠান। বুধবার শিল্পকলা একাডেমিতে এ অনুষ্ঠান হয়। হলিক্রস ঢাকা বিভাগের অন্যতম শ্রেষ্ঠ কলেজ নির্বাচিত হয়। —দৈনিক বাংলা

## মাহবুব

( প্রথম পৃঃ পর )

ব্যাপারে কোন আপোস করা হলে তা হবে জাতির জন্যে আত্মঘাতী। পরীক্ষাকেন্দ্রকে নকল করার কেন্দ্র এবং উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানকে বোমা তৈরির কেন্দ্র হতে দেয়া যায় না। শিক্ষামন্ত্রী তাঁর বক্তৃতায় জানান যে ১৯৯০ সালের মধ্যে সিলেটে হযরত শাহজালাল বিজ্ঞান ও কারিগরি বিশ্ববিদ্যালয় এবং খুলনা বিশ্ববিদ্যালয়ের নির্মাণ কাজ শেষ হবে। সরকার পুরানো জেলাভিত্তিতে একটি করে বিশ্ববিদ্যালয় কলেজ প্রতিষ্ঠার সিদ্ধান্ত নিয়েছেন বলেও তিনি জানান। স্বাধীনতার পর এই প্রথম বারের মত জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপিত হচ্ছে বলে তিনি উল্লেখ করেন। মন্ত্রী অনুষ্ঠানে ঘোষণা করেন যে আগামী বছর থেকে স্কুল-কলেজের জন্যে পুরস্কারের সংখ্যা বাড়ানো হবে।

শিক্ষা উপমন্ত্রী জনাব গোলাম সারোয়ার মিলন তাঁর বক্তৃতায় বলেন যে স্বাধীনতাকে অর্থবহ করার জন্যে শিক্ষার মান উন্নয়ন অপরিহার্য।

গতকালের অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী লেখাপড়ার সুষ্ঠু পরিবেশ ও পরীক্ষায় পাসের হারে উল্লেখযোগ্য কৃতিত্বের জন্যে ২১টি জেলা থেকে ২১টি মাধ্যমিক স্কুল এবং চারটি বিভাগ থেকে নির্বাচিত পাঁচটি কলেজকে সেরা শিক্ষাপ্রতিষ্ঠান হিসাবে পুরস্কৃত করেন। পুরস্কারপ্রাপ্ত স্কুল-কলেজের নাম ঘোষণা করেন শিক্ষা সচিব জনাব এম এ সাঈদ।

পুরস্কার বিজয়ী কলেজসমূহকে রঙিন টেলিভিশন, ট্রফি ও সনদপত্র এবং স্কুলগুলোকে ট্রফি ও সনদপত্র প্রদান করা হয়। শিক্ষা সপ্তাহ উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদেরও গতকাল পুরস্কৃত করা হয়।